গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক মতবিনিময় ৩য় সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ ১৬ মার্চ, ২০২১ খ্রিঃ।
সময়ঃ সকাল- ১১.৩০ ঘটিকা।
সভার স্থানঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং ০৩, ভবন নং- ১০), পরিকল্পনা বিভাগ।
সভাপতিঃ জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) পরিকল্পনা বিভাগ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'

১.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা) সভাকে জানান যে, চলতি ২০২০-২১ অর্থ-বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ৩৫ টি কর্মসম্পাদন সূচক রয়েছে। এর মধ্যে উত্তম চর্চার তালিকা অন্যতম। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অন্যান্য কর্মসম্পাদন সূচকের মধ্যে ১১টি সম্পূর্ণ ১৩টি আংশিক বাস্তবায়িত হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে অন্যান্য কর্মসম্পাদন সূচক বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে।

২.০০ গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি:

গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
(ক) চলতি ২০২০-২১ অর্থ-বছরের এপিএ'র সকল কর্মসম্পাদন সূচক যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;	(ক) কার্যক্রম চলমান।
(খ) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর যে সকল কর্মসম্পাদন সূচকের বাস্তবায়ন অগ্রগতি এ পর্যন্ত আশাব্যাঞ্জক নয় সে সকল সূচকসমূহ বাস্তবায়নকারী সংশ্লিষ্ট শাখা/অধিশাখা কে তাগিদ প্রদান করতে হবে;	(খ) তাগিদপত্র প্রদান করা হয়েছে।
(গ) "স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ" গঠিত কমিটিকে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে'	(গ) কার্যক্রম চলমান।
(ঘ) অধীন দপ্তর/সংস্থা (এনএপিডি এবং বিআইডিএস)-কে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক মতবিনিময় সভায় শুদ্ধাচার/উত্তম চর্চার বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।	(ঘ) এনএপিডি এবং বিআইডিএস উত্তম চর্চার বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরিকল্পনা বিভাগে প্রেরণ করেছে।

৩.০০ সিনিয়র সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) সভাকে জানান যে, ২০২০-২১ অর্থ-বছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বেশ কয়েকটি কর্মসম্পাদন সূচকের অগ্রগতি আশাব্যাঞ্জক নয়।

সূচকসমূহ নিম্নরূপ:

(ক) ৬.১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন; (খ) ৬.২ মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ; (গ) ৭.২ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন; (ঘ) ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

(ঙ) ৮.২ শাখা/অধিশাখা আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন; (চ) ৮.৩ শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।
সভাপতি এ বিষয়ে উক্ত সূচকসমূহ বাস্তবায়নকারী সংশ্লিষ্ট শাখা/অধিশাখা-কে তাগিদ প্রদানের অনুরোধ জানান।

৪.০০ সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব সভাকে জানান যে, চলতি অর্থ-বছরে পরিকল্পনা বিভাগের উত্তম চর্চা হিসেবে (ক) পারফরমেন্স রিওয়ার্ডিং; এবং (খ) সেবা পরামর্শ বক্স স্থাপন করতে হবে। উল্লিখিত উত্তম চর্চা সমূহ বাস্তবায়নের নিমিত্ত কার্যক্রম চলমান আছে।

৫.০০ সভায় অধীন দপ্তর/সংস্থা (এনএপিডি ও বিআইডিএস) এর শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়।

(ক) **এনএপিডি ১৪ টি উত্তম চর্চা বাস্তবায়ন করার লক্ষ্যে কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত করেছে**

১। দ্রুত পেনশন নিষ্পত্তিকরণ; ২। একাডেমির কর্মকর্তা, কর্মচারী, প্রশিক্ষণার্থী ও অতিথি বক্তাদের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ; ৩। ইন্টারনেট সেবা; ৪। সাইবার ক্যাফে সেবা; ৫। ইলেকট্রনিক হাজিরা; ৬। NAPD ক্যাম্পাস ডিসপ্লে সিস্টেম চালু; ৭। অনলাইন ভিত্তিক একাডেমির প্রোগ্রাম প্রচার; ৮। Kid's Play কর্ণার চালু; ৯। অগ্নি নির্বাপন ব্যবস্থা জোরদারকরণ; ১০। NAPD Apps চালুকরণ; ১১। প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণ সফটওয়ারে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ; ১২। গবেষণা কার্যক্রম অটোমেশন; ১৩। শারীরিক প্রতিবন্ধীদের প্রবেশগম্যতা নিশ্চিতকরণ; ১৪। বীরশ্রেষ্ঠদের নামে ক্লাশরুমের নামকরণ।

(খ) **বিআইডিএস ৭ টি উত্তম চর্চা বাস্তবায়নের লক্ষ্যে কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত করেছে।**

১। বিদ্যুৎ ও পানির অপচয় রোধে অফিস ত্যাগের পূর্বে বৈদ্যুতিক সুইচ ও পানির লাইন বন্ধ; ২। কোভিড-১৯ মহামারী নিয়ন্ত্রণকল্পে অভ্যর্থনা কক্ষে শরীরের তাপমাত্রা যাচাইয়ের পর প্রতিষ্ঠানে প্রবেশ; ৩। কোভিড-১৯ পরিস্থিতিতে কর্মক্ষেত্রে অনুসরণীয় স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণ; ৪। SMS এর মাধ্যমে নিয়োগ পরীক্ষা সংক্রান্ত তথ্য সম্পর্কে প্রার্থীদের অবগত করা; ৫। সভা আহবানের ক্ষেত্রে সভার সদস্যবৃন্দকে SMS/ মেইলের মাধ্যমে অবহিত করা; ৬। দাপ্তরিক ই-মেইল আদান-প্রদানে অফিসিয়াল ওয়েবমেইল ব্যবহার; ৭। ভার্চুয়াল প্ল্যাটফর্মে নিয়মিত সভা আয়োজন। NAPD এবং BIDS কর্তৃক গৃহীত উত্তম চর্চা দ্রুত বাস্তবায়নের জন্য সভায় আলোচনা হয়।

৬.০০ <u>সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:</u>

(ক) চলতি ২০২০-২১ অর্থ-বছরের এপিএ'র সকল কর্মসম্পাদন সূচক যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;
(খ) "স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ" গঠিত কমিটিকে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
(গ) অধীন দপ্তর/সংস্থা (এনএপিডি এবং বিআইডিএস)-কে শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক মতবিনিময় সভার আয়োজন করতে হবে এবং শুদ্ধাচার/উত্তম চর্চার বাস্তবায়ন যথাসময়ে করতে হবে।

৭.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/০৩/২১
(মোঃ দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট)
পরিকল্পনা বিভাগ।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

নং-২০.০০.০০০০.৩২৮.৪২.০০১.২০-৯৬

তারিখঃ ১১ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৫ মার্চ, ২০২০১ খ্রিষ্টাব্দ

বিতরণ:

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহনপুল ভবন, ঢাকা।
২. যুগ্মসচিব (এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৩. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪. যুগ্মপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৫. যুগ্মপ্রধান, পরিকল্পনা অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৬. উপসচিব (এসএসআরসি/কর্মসম্পাদন ব্যবস্থাপনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
(কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৮. পরিচালক (প্রঃ ও অর্থ), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা।
৯. সচিব, বাংলাদেশ উন্নয়ন ও গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা, ঢাকা।
৩. অফিস কপি।

২৫/৩/২০২০

(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৮০৭৯২
e-mail: ro.pms@plandiv.gov.bd